

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

প্রেস রিলিজ

ঢাকা, ১০.১২.২০২৫

১০ (দশ) জন সাংবাদিককে মিডিয়া অ্যাওয়ার্ড অন জুডিসিয়াল ইন্ডিপেন্ডেন্স ২০২৫ পদক প্রদান করেছে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এবং ইউএনডিপি-বাংলাদেশ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এবং ইউএনডিপি-বাংলাদেশ এর যৌথ উদ্যোগে "Media Award On Judicial Independence 2025" শীর্ষক পুরস্কার বিতরণ অনুষ্ঠান বুধবার (১০ ডিসেম্বর ২০২৫) ইনস্টিটিউটের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মাহবুবা ফারজানা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তথ্য সচিব ন্যায় বিচার প্রতিষ্ঠায় গণমাধ্যমকর্মী এবং আইন প্রতিবেদকদের ভূমিকার জন্য এই মিডিয়া অ্যাওয়ার্ড অনুপ্রেরণার সঞ্চারণ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

তিনি বিচার বিভাগের স্বাধীনতা এবং জনগনের আইনি অধিকার নিশ্চিতকল্পে বিচার বিভাগ সম্পর্কিত গণমাধ্যমকর্মীদের অধিকতর অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশের ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার ১০ (দশ) জন সাংবাদিককে পদক প্রদান করা হয়। পদক পেয়েছেন এহসানুল হক জসিম (ডেইলি সান), বাহারাম খান (ডেইলি স্টার), গোলাম রফ্বানী (ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস), মোহাম্মদ দিদারুল আলম (দৈনিক ইত্তেফাক), আবু সাালেহ রনি (দৈনিক সমকাল), মো. ইকবাল হোসেন (বিটিভি), শাকেরা আরজু (একুশে টিভি), মো. হাবিবুল্লাহ (স্টার নিউজ), আসাদুর রহমান (রেডিও পদ্মা) এবং সৈয়দা সাবরিনা মজুমদার (দেশ টিভি)। অনুষ্ঠানে পদকপ্রাপ্তদের মাঝে সনদপত্র দেওয়া হয়।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মুহম্মদ হিরুজ্জামান এনডিসি'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনের রেজিস্ট্রার (সিনিয়র জেলা ও দায়রা জজ) মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন।

বিশেষ অতিথি মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন ২০২৪ সালে মাননীয় প্রধান বিচারপতি মহোদয় প্রণীত বিচার বিভাগ সংস্কারের রোডম্যাপ বাস্তবায়নে কোর্টবিট সাংবাদিকদের প্রতিবেদন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে উল্লেখ করেন।

ইনস্টিটিউটের মহাপরিচালক মুহম্মদ হিরুজ্জামান এনডিসি ন্যায় বিচার প্রতিষ্ঠায় জনসচেতনতা সৃষ্টিতে গণমাধ্যমের বিশ্লেষণধর্মী প্রতিবেদনগুলো বিশেষ ভূমিকা রাখছে মর্মে উল্লেখ করেন।

ইউএনডিপি-বাংলাদেশের প্রকল্প পরিচালক (ডেমোক্রেটিক গভর্ন্যান্স ক্লাস্টার) মোঃ মাজেদুল ইসলাম তার বক্তৃতায় উল্লেখ করেন এটি শুধু একটি পুরস্কার বিতরণী অনুষ্ঠান নয়; এটি হচ্ছে ন্যায়বিচার, গণমাধ্যমের স্বাধীনতা, এবং দায়িত্বশীল সাংবাদিকতার প্রতি আমাদের সম্মিলিত অঙ্গীকারের এক অনন্য উদযাপন। ইউএনডিপি বাংলাদেশের কমিউনিকেশন হেড মো. আব্দুল কাইয়ুম ন্যায়বিচার প্রতিষ্ঠায় গণমাধ্যমের ভূমিকা আজ শুধু তথ্য পরিবেশনেই সীমাবদ্ধ নয়—বরং জনমত গঠন, স্বচ্ছতা নিশ্চিতকরণ এবং জবাবদিহিতা বৃদ্ধিতেও সাংবাদিকরা অগ্রণী ভূমিকা রাখছেন বলে মন্তব্য করেন।

দৈনিক সমকালের সম্পাদক শাহেদ মোহাম্মদ আলী, পদক বিতরণ অনুষ্ঠানে মানসম্মত প্রতিবেদন তৈরির লক্ষ্যে করণীয় সম্পর্কে উপস্থিত সাংবাদিকদের উদ্দেশে দিক নির্দেশমূলক বক্তৃতা প্রদান করেন।

ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন উন্নয়ন) (উপসচিব) মোসাম্মৎ রহিমা আক্তার অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন।

স্বাক্ষরিত

আইরিন সুলতানা
উপপরিচালক (গবেষণা) (চলতি দায়িত্ব)